



ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্য

✓ প্রপোজিশন ১

পক্ষে: প্রবীণ সেনাসদস্য (ভেটেরান) এবং সামরিক বাসিন্দাদের জরুরি চাহিদা মেটাতে রাজ্যকে বন্ড ছেড়ে অর্থ সংগ্রহের অনুমতি দেয়।

✓ প্রপোজিশন ২

পক্ষে: অর্থনীতি ভালো থাকার বছরগুলোতে রাজ্যকে তার "রেইনি ডে ফান্ড" (দুর্দিনের জন্য সঞ্চয় তহবিল)-এ বেশি টাকা জমানোর সুযোগ দেয়, যাতে বাজেট সংকটের বছরেও জরুরি সেবাগুলো চালু রাখা যায়।

✓ প্রপোজিশন ৩

পক্ষে: উচ্চ আয়ের মানুষদের ওপর বর্তমানে চালু থাকা একটি কর স্থায়ীভাবে বহাল রাখে, যাতে K-12 শিক্ষা (কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ শ্রেণি), কমিউনিটি কলেজ, স্বাস্থ্যসেবা ও অন্যান্য জরুরি সেবায় অর্থ জোগানো যায়।

✓ প্রপোজিশন ৪

পক্ষে: রাজ্য ও স্থানীয় সরকারকে রাজনৈতিক প্রচারণার জন্য সরকারি অর্থায়ন চালুর অনুমতি দেয়, যাতে বিশেষ স্বার্থগোষ্ঠী ও ধনী দাতাদের প্রচারণা খরচের প্রভাব মোকাবিলা করা যায়।

✓ প্রপোজিশন ৫

পক্ষে: ক্যালিফোর্নিয়ার রিকল (নির্বাচিত কর্মকর্তাকে মেয়াদ শেষের আগে সরিয়ে দেওয়া) প্রক্রিয়ায় পরিবর্তন আনে, যাতে ভোটারদের বিভ্রান্তি কমে এবং রাজ্যের নির্বাচনের ফলাফল সংখ্যাগরিষ্ঠ ভোটাররাই ঠিক করেন।

✓ প্রপোজিশন ৩৭

পক্ষে: মধ্যবিত্ত ক্যালিফোর্নিয়াবাসীদের নতুন বাড়ি কেনার সময় ডাউন পেমেণ্টে সহায়তা করতে একটি বাড়ি কেনার ঋণ কর্মসূচি চালু করে। আমাদের আবাসন সংকট মোকাবিলায় সাহায্য করে।

✗ প্রপোজিশন ৩৯

বিপক্ষে: ভোটকেন্দ্রে পরিচয়পত্র (আইডি) দেখানো বাধ্যতামূলক করে, অথবা মেইল ব্যালটের পেছনে ব্যক্তিগত আইডি নম্বরের অংশবিশেষ লিখতে বাধ্য করে, ভোট দেওয়াকে কঠিন করে তোলে। এতে ভোটার উপস্থিতি কমে, ভোট দেওয়ায় বাধা তৈরি হয় এবং ব্যক্তিগত গোপনীয়তা নিয়ে উদ্বেগ দেখা দেয়।

✓ প্রপোজিশন ৪০

পক্ষে: বিলিয়নেয়ারদের সম্পদের ওপর একবারের জন্য কর বসায়, যা দিয়ে Medi-Cal-সহ গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবা কর্মসূচিতে অর্থ দেওয়া হবে, যেগুলোর বরাদ্দ ফেডারেল (কেন্দ্রীয়) সরকার কমিয়ে দিয়েছে। এই মুহূর্তে স্বাস্থ্যসেবা ও মানুষের জীবন বাঁচানোর একমাত্র সমাধান এটি।

✗ প্রপোজিশন ৪১

বিপক্ষে: কোনো কর প্রস্তাব ব্যালটে ওঠার আগে নতুন অডিট (নিরীক্ষা) বাধ্যতামূলক করে। কর এড়াতে বিলিয়নেয়াররা এর পেছনে টাকা চালছেন, এবং এটি ভবিষ্যতে রাজ্যের রাজস্ব সংগ্রহের ক্ষমতায় বাধা সৃষ্টি করে।

✗ প্রপোজিশন ৪২

বিপক্ষে: ব্যক্তিগত সম্পত্তি ও বিনিয়োগ সম্পদের ওপর যেকোনো নতুন কর নিষিদ্ধ করে। যেসব বিলিয়নেয়ার তাদের ন্যায্য ভাগের কর দিতে চান না, তারাই এর পেছনে টাকা দিচ্ছেন। এটি ভবিষ্যতে সম্পদ কর চালু করাকেও কঠিন করে তোলে।

✗ প্রপোজিশন ৪৩

বিপক্ষে: ব্যালটে তোলা স্থানীয় বিশেষ কর প্রস্তাবের ফলাফল অল্পসংখ্যক ভোটারকে ঠিক করার সুযোগ দেয়। "সংখ্যাগরিষ্ঠ ভোটাররাই ফলাফল ঠিক করবেন", এই নিয়মকে বাতিল করে।

✗ প্রপোজিশন ৪৪

বিপক্ষে: কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিকগুলোকে তাদের আয়ের ৯০% শুধু রোগীর চিকিৎসায় খরচ করতে বাধ্য করে। এতে ক্লিনিকগুলোর জনসচেতনতা ও শিক্ষা কার্যক্রম, এবং সাংস্কৃতিক ও ভাষা সেবা কমে যাবে, আর অনেক ক্লিনিক বন্ধ হয়ে যেতে বাধ্য হবে।




বিপক্ষে: কিছু প্রকল্পকে বর্তমান পরিবেশগত পর্যালোচনার নিয়ম এড়িয়ে যাওয়ার সুযোগ দিয়ে পরিবেশ সুরক্ষার মান দুর্বল করে। এর মধ্যে জনসাধারণের মতামত দেওয়ার সময়সীমা কমিয়ে দেওয়াও রয়েছে।

প্রপোজিশন ৪৫

AAPI Equity Alliance রাজ্যের প্রপোজিশন ৩৮, LA সিটি মেজার PL এবং LA সিটি মেজার FD বিষয়ে কোনো অবস্থান নিচ্ছে না।

বিজ্ঞাপনটির অর্থায়ন করেছে AAPI Equity Alliance, 905 E 8th St, Los Angeles.
অর্থায়নের বিস্তারিত তথ্য www.fppc.ca.gov এবং ethics.lacity.org-এ পাওয়া যাবে।



লস অ্যাঞ্জেলেস কাউন্টি

✓ মেজার E - এথিক্স (নৈতিকতা)

পক্ষে: LA কাউন্টির জন্য একটি স্বাধীন নৈতিকতা কমিশন গঠন করে এবং কমিশনারদের রাজনীতিবিদদের প্রভাব থেকে আরও বেশি স্বাধীনতা দেয়, যাতে তারা ঠিকভাবে তদারকি করতে পারেন।

✓ মেজার A - আরবিট্রেশন (সালিশ)

পক্ষে: LA কাউন্টির জরুরি জননিরাপত্তা কর্মীদের শ্রম-বিরোধে নিজেদের কথা বলার আরও বেশি সুযোগ দেয়। এসব সিদ্ধান্তে রাজনীতির প্রভাব কমায়ে।

লস অ্যাঞ্জেলেস সিটি

✓ মেজার TE

পক্ষে: প্যালিসেডস অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের জন্য সম্পত্তি হস্তান্তর করে একবারের জন্য ছাড় দেয়। বাড়ির মালিকরা তাদের বাড়ি নিয়ে পরবর্তী সিদ্ধান্ত নিতে আরও বেশি স্বাধীনতা পান।

✓ চার্টার সংশোধনী LA

পক্ষে: LA সিটির বাজেট চক্র দুই বছরে পরিবর্তন করে, একটি মূলধনী অবকাঠামো পরিকল্পনা (Capital Infrastructure Plan) তৈরি করে, পাবলিক ওয়ার্কস (গণপূর্ত) বিভাগের ওপর সিটি কাউন্সিলের নিয়ন্ত্রণ বাড়ায়, এবং আরও কিছু পরিবর্তন আনে।

✓ চার্টার সংশোধনী EE

পক্ষে: সিটি চার্টারে ভাষা সহায়তার অধিকার স্থায়ীভাবে যুক্ত করে, এবং সিটির কাজের ধরনে আরও কিছু পরিবর্তন আনে: কাউন্সিল সভা প্রতি সপ্তাহে করা, প্রচারণা অর্থায়নের নিয়ম ভাঙলে জরিমানা বাড়ানো, এবং নৈতিকতা ও জবাবদিহিতা বিষয়ক অন্যান্য পদক্ষেপ।

✓ চার্টার সংশোধনী PRK

পক্ষে: আগামী দশ বছরে LA সিটির রিক্রিয়েশন অ্যান্ড পার্কস (বিনোদন ও পার্ক) বিভাগের বরাদ্দ দ্বিগুণ করে, যাতে পার্কের সুযোগ-সুবিধা, বিনোদন কর্মসূচি ইত্যাদির জন্য প্রয়োজনীয় অর্থ পাওয়া যায়। লস অ্যাঞ্জেলেসের অনেক বাসিন্দার এলাকায় পার্কের অভাব দূর করতে এটি দরকার।

✓ চার্টার সংশোধনী PRT

পক্ষে: LA-র হারবার (বন্দর) বিভাগকে সমুদ্রতীরে জনসাধারণের যাতায়াতের সুবিধা বাড়ানোর প্রকল্পে অর্থ বরাদ্দ করতে এবং লিজ ও চুক্তির ফলে কর্মীদের ওপর কী প্রভাব পড়বে তা প্রকাশ করতে বাধ্য করে, আর লিজের সর্বোচ্চ মেয়াদ বাড়ায়। হারবারের আশেপাশের এলাকার বাসিন্দারা এতে উপকৃত হবেন।

✓ চার্টার সংশোধনী SC

পক্ষে: LA ইউনিফাইড স্কুল ডিস্ট্রিক্ট (LAUSD)-এর প্রার্থীদের প্রচারণা অর্থায়নের নিয়মগুলোকে মেয়র প্রার্থীদের নিয়মের সাথে মিলিয়ে দেয়। সিটি চার্টারকে সহজ করে এবং ভবিষ্যতে তা হালনাগাদ করা সহজ করে তোলে।

AAPI Equity Alliance রাজ্যের প্রপোজিশন ৩৮, LA সিটি মেজার PL এবং LA সিটি মেজার FD বিষয়ে কোনো অবস্থান নিচ্ছে না।

বিজ্ঞাপনটির অর্থায়ন করেছে AAPI Equity Alliance, 905 E 8th St, Los Angeles.
অর্থায়নের বিস্তারিত তথ্য www.fppc.ca.gov এবং ethics.lacity.org-এ পাওয়া যাবে।